সংবাদ

তাং ... 19 JAN 2017 ...
পৃঃ ...2... কলাম ... ৪ ...

৭ম থেকে দশম শ্রেণী

# ভালো ফল অর্জনকারীদের সরকার পত্র দেবে

নিজস্ব বার্তা পরিবেশক

সপ্তম থেকে দশম শ্রেণী পর্যন্ত বার্ষিক পরীক্ষায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জন
করা সব কৃতি শিক্ষার্থীকে সরকারের পক্ষ থেকে অভিনন্দনপত্র (আধা-সরকারি
পত্র) দেয়া হবে। গত বছর বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ মেধাবী শিক্ষার্থীদের উৎসাহিত
করতে এ ধরনের অভিনন্দনপত্র দিতে সব উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও)
ও জেলা প্রশাসককে (ডিসি) নির্দেশনা দিয়েছে মন্ত্রিপরিষদ বিভাগ।
গত ১৬ জানুয়ারি মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব মাহ্বুদুর রহমান পাটোয়ারী
স্বাক্ষরিত নির্দেশনা পত্রটি পাঠানো হয়।
সম্ভব হলে অভিনন্দনপত্রের সঙ্গে মানসম্মত কিছু বই বা ফুল বিতরণ করার
নির্দেশনা দিয়ে ওই চিঠিতে বলা হয়েছে, ইউএনওদের আধা-সরকারি পত্র
গ্রহণকারী ছাত্র-ছাত্রীদের সংখ্যা, তাদের এ সংক্রান্ত অনুভূতি, ইতিবাচক-
নেতিবাচক দিক, সাধারণ মন্তব্য ইত্যাদি বিষয়ে একটি প্রতিবেদন সংশ্লিষ্ট
ডিসিদের কাছে পাঠাতে হবে। ডিসিরা সামগ্রিক বিষয়ে একটি প্রতিবেদন জরুরি
ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে পাঠাবে।
মন্ত্রিপরিষদ বিভাগের চিঠিতে মন্তব্য করা হয়েছে, মেধার লালন, মূল্যায়ন ও
প্রণোদনা দেয়া হলে মেধাবীদের মাঝে আরও উৎসাহ-উদ্দীপনা বৃদ্ধি পায়। এ
লক্ষ্যে সরকারি, বেসরকারি ও ব্যক্তিগত পর্যায় থেকে বিভিন্ন সময়ে এমএসসি,
এইচএসসি, স্নাতক, স্নাতকোত্তর বা সমপর্যায়ের পরীক্ষায় উত্তীর্ণ অসাধারণ
মেধাবী শিক্ষার্থীদের সংবর্ধনা দেয়া হয়ে থাকে।